

ডেভলপমেন্ট এন্ড রিসার্চ আকাদেমি ফর ফোক্ এন্ড ট্রাইবস্ (ড্রাফট্)-এর প্রধান তিনটি উদ্দেশ্য ও কার্যক্রম হল —

১. সমাজ সেবা
২. সংস্কৃতি চর্চা
৩. বিদ্যাচর্চা

ড্রাফট্ সরকারী রেজিস্ট্রেশন পায় ২০১০-১১ সালে (Regn. No.S/1L/78387 of 2010-2011) কিন্তু ড্রাফট্‌এর সমাজসেবার কাজ শুরু হয়েছিল ২০০৪ সাল থেকে। দক্ষিণ ২৪ পরগণা, মুর্শিদাবাদ, বীরভূম, পুরুলিয়া ও বাঁকুড়ার বিভিন্ন প্রত্যন্ত গ্রামে দুঃস্থ ছাত্র-ছাত্রীদের খাতা-পেন, শীতের পোষাক বিতরণ দিয়ে প্রাথমিকভাবে এই সমাজ সেবার প্রয়াস শুরু হয়েছিল।

২০১০ থেকে ড্রাফট্‌এর সদস্যদের উৎসাহে সংস্কৃতি ও বিদ্যাচর্চা শুরু হয় নিয়মিতভাবে। সঙ্গে চলতে থাকে বিভিন্ন ধরনের সমাজ সেবামূলক প্রকল্প। মুর্শিদাবাদের লালবাগ ব্লকের, বীরভূমের হাসন ব্লকের, নদিয়ার হাঁসখালি ব্লকের বিভিন্ন প্রত্যন্ত গ্রামে বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদানের এবং স্বাস্থ্য-সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। ২০২২-এর ২৩শে জানুয়ারি বাঁকুড়ার খাতড়া ব্লকের কুকড়াকান্দার (পারশোলা) গ্রামে বিরাট আকারের রক্তদান শিবির পরিচালনা করা হয়েছিল। এছাড়া বিভিন্ন গ্রামীণ মেলায় (যেমন — উত্তর ২৪ পরগণার বসিরহাট, টাকি, দুলাদুলি) স্বাস্থ্য-সচেতনতা শিবির এবং মিনারেল ওয়াটারের পাউচ বিতরণ-এর ব্যবস্থা করা হয়েছিল।

সংস্কৃতি চর্চার ক্ষেত্রে ড্রাফট্‌এর প্রথম বড় প্রয়াসটি ছিল ২০১২-তে মুর্শিদাবাদের বহরমপুরে নবাব বাহাদুর ইনস্টিটিউশনের (লালবাগ) ছাত্র-ছাত্রীদের নিয়ে সংগীত, নৃত্য ও ছবি আঁকার প্রতিযোগিতা। পরবর্তী সময়ে পুরুলিয়ার বাগমুন্ডিতে ছৌ-নাচের শিল্পীদের উন্নয়নকল্পে একটি আলোচনা শিবিরের আয়োজন। বাঁকুড়ার রাণীবাঁধ অঞ্চলে বাগডিহা গ্রামে প্রবীণ সাঁওতাল সংগীত শিল্পী সায়েন টুডুকে নিয়ে অনুষ্ঠান। বাঁকুড়ার তালড্যাংরা গ্রামে সাঁওতাল নৃত্য-সংগীত শিল্পীদের নিয়ে অনুষ্ঠান। এছাড়া নৈহাটিতে লালন আকাদেমির সঙ্গে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিল ড্রাফট্ ২০২১ সালে।

বিদ্যাচর্চার ক্ষেত্রে উল্লেখনীয় বিষয় হল — নিয়মিতভাবে ড্রাফট্ একটি পিয়ার রিভিউড ইন্টারন্যাশনাল অনলাইন জার্নাল প্রকাশিত করে। জার্নালটির নাম — “Journal of Cultural Research Studies” ISSN : 2583-6137। এই পত্রিকায় দেশ-বিদেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বহু জ্ঞানী-গুণী পণ্ডিত ও অধ্যাপকদের লেখা প্রকাশিত হয়। এছাড়া ড্রাফট্‌এর কিছু

সদস্য নিয়মিতভাবে বিভিন্ন জনজাতির মধ্যে ফিল্ড সার্ভে করে তাঁদের তথ্য প্রকাশ করে থাকেন বিভিন্ন পত্রিকা ও বইয়ে।

ড্রাফট ২০১৬ সালের ৩রা এপ্রিল রাজ্য চারুকলা পর্ষদের অবনীন্দ্র সভাগৃহে একটি বড় মাপের আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করেছিল। কানাডা ও বাংলাদেশের লেখক এবং চলচ্চিত্রকারেরা এবং ভারতের বিভিন্ন চলচ্চিত্র-বোদ্ধা ও লেখক-অধ্যাপকরা এই ইন্টারন্যাশনাল সেমিনারে বক্তা হিসাবে উপস্থিত ছিলেন। সংগীত এবং নৃত্যের দুই নবীন প্রতিভাকে এই অনুষ্ঠানে সম্মাননা ও স্মারক প্রদান করা হয়েছিল তাঁদের প্রতিভার স্বীকৃতি স্বরূপ। কবি বিজয় সরকারের পুত্র প্রখ্যাত সংস্কৃতি কর্মী কাজল অধিকারী মহাশয়কেও সম্বর্ধিত করা হয়েছিল এই অনুষ্ঠানে।

ড্রাফটের পথ চলা যেন অব্যাহত থাকে - এই আশায় বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সঙ্গে আমরা হাত মেলাতে প্রস্তুত; যদি তাঁরা আমাদের হাত ধরেন, তাহলে কৃতজ্ঞ থাকব।